

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(প্রশাসন শাখা)
www.supremecourt.gov.bd

স্মারক নং-১এ-০৪/২০১৩-৮৪

এ,

তারিখঃ ২১ পৌষ, ১৪২৬ বঙ্গাব্দ
০৫ জানুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়ঃ বাংলাদেশ সরকারী কর্ম কমিশনে নবনিয়োগপ্রাপ্ত সদস্যদের শপথ গ্রহণ সংক্রান্ত।

- সূত্রঃ ১। বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের পত্র নং ৮০.০০.০০০০.৪০১.৩৫.০৫২.১৭-০৬
তারিখ ০১/০১/২০২০খ্রিঃ।
সূত্রঃ ২। বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের পত্র নং ৮০.০০.০০০০.৪০১.৩৫.০৫২.১৭-১৭
তারিখ ০২/০১/২০২০খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানাচ্ছি যে, বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের নবনিয়োগপ্রাপ্ত সদস্য সাবেক সিনিয়র সচিব জনাব ফয়েজ আহম্মদ এবং অবসরপ্রাপ্ত অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক জনাব বিনয় কৃষ্ণ বালা, বিপিএম, পিপিএম-কে বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি, বিচারপতি সৈয়দ মাহমুদ হোসেন মহোদয় আগামী ০৭.০১.২০২০ খ্রিস্টাব্দ রোজ মঙ্গলবার অপরাহ্ন ৩:০০ ঘটিকায় সুপ্রীম কোর্টের জাজেস লাউঞ্জে শপথ বাক্য পাঠ করাবেন।

এমতাবস্থায়, বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের নবনিয়োগপ্রাপ্ত সদস্য সাবেক সিনিয়র সচিব জনাব ফয়েজ আহম্মদ এবং অবসরপ্রাপ্ত অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক জনাব বিনয় কৃষ্ণ বালা, বিপিএম, পিপিএম-কে বিষয়টি অবহিতকরণসহ উক্ত অনুষ্ঠানে অংশগ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৫.০১.২০২০
(মোহাম্মদ আক্তারুজ্জামান ভূঁইয়া)
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)
ফোনঃ ৯৫৬৬৮২৬
E-mail:aktar.dr@supremecourt.gov.bd

সচিব

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
ঢাকা-১২০৭।

দৃষ্টি আকর্ষণঃ উপ সচিব (প্রশাসন)

স্মারক নং-১এ-০৪/২০১৩-৮৪

এ,

তারিখঃ ২১ পৌষ, ১৪২৬ বঙ্গাব্দ
০৫ জানুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

- ১। রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা।
- ২। অতিরিক্ত রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা..... (সকল)।
- ৩। স্পেশাল অফিসার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
- ৪। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। পরিচালক (বার্তা), বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।
- ৬। পরিচালক (বার্তা), বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।
- ৭। চীফ রিপোর্টার, বাসস, ৬৮/২, পুরানা পল্টন, ঢাকা (সকল প্রিন্টিং এবং ইলেকট্রনিক মিডিয়ায় প্রচারের অনুরোধসহ)।
- ৮। ইউ,এন,বি, কসমস সেন্টার, ৬৯/১, নিউ সার্কুলার রোড, মগবাজার, ঢাকা।
- ৯। সহকারী রেজিস্ট্রার (কোর্ট কীপিং), বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (আপীল বিভাগের মাননীয় বিচারপতি মহোদয়গণসহ আগত অতিথিবৃন্দের আসন ব্যবস্থাপনা ও আপ্যায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ১০। সচিব, মাননীয় প্রধান বিচারপতি, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
- ১১। একান্ত সচিব, মাননীয় প্রধান বিচারপতি, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা।
- ১২। সিস্টেম এনালিষ্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা। (ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ)
- ১৩। সভাপতি, ল রিপোর্টারস ফোরাম, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ১৪। কোর্ট অফিসার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা।
- ১৫। কোর্ট অফিসার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
- ১৬। অফিস কপি।

১৫.০১.২০২০
(কাজী আরাফাত উদ্দীন)
সহকারী রেজিস্ট্রার (প্রশাসন)
ফোনঃ ৯৫৬৬৮২৬